তারিখ 17 JUN 2016
পৃঃ ২.৫ কলাম ৭

সংবাদ

# শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে অধিকতর দায়িত্বশীল হতে হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

নতুন অর্থ বছরে শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে পাঁচ হাজার কোটি টাকার কাজ করতে হবে জানিয়ে শিক্ষা প্রকৌশল অধিদফতরের (ইইডি) প্রকৌশলীদের উদ্দেশে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শিক্ষা প্রতিষ্ঠানে ভবন নির্মাণ কাজের মান অতীতের যেকোন সময়ের তুলনায় ভালো হচ্ছে। তবে আগামী অর্থবছরে কাজের পরিধিও দ্বিগুণ হচ্ছে। এজন্য স্কুল, কলেজ ও মাদ্রাসার অবকাঠামো উন্নয়নে সবাইকে আরও বেশি কাজ করতে হবে, দায়িত্বশীল হতে হবে। কাজের মান আরও ভালো করতে হবে।'

মন্ত্রী গতকাল রাজধানীর কাকরাইল আইডিইবি ভবন মিলনায়তনে 'শিক্ষা প্রকৌশল অধিদফতর' আয়োজিত এক আলোচনা সভা ও ইফতার মাহফিলে এ মন্তব্য করেন। ইইডি'র প্রধান প্রকৌশলী ও মুক্তিযোদ্ধা দেওয়ান মোহাম্মদ হানজালার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত শিক্ষা সচিব এএস মাহমুদ। মন্ত্রণালয় ও শিক্ষা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'এই অর্থবছরে আমরা শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো উন্নয়নে আড়াই হাজার কোটি টাকা ব্যয় করেছি। আগামী অর্থবছরে এই বরাদ্দ দ্বিগুণ হচ্ছে। আমরা চাই- অবকাঠামোর অভাবে যাতে কোন শিক্ষার্থীই বিদ্যালয় থেকে ঝরে না পড়ে।'

তিনি বলেন, 'অতীতে অন্য সংস্থা থেকে কর্মকর্তা এনে ইইডি'র প্রধান প্রকৌশলী করা হতো। কিন্তু আমি সেই প্রথা ভেঙে এই সংস্থার যোগ্য, দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের পদোন্নতি দিয়ে প্রধান প্রকৌশলী করেছি। এতে এই সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে। কাজে গতি এসেছে, মান ভালো হচ্ছে।'